www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

**Roll No.** | | | | | | | | |

(Write Roll Number from left side exactly as in the Admit Card)

*Signature of Invigilator*

**Question Booklet Series** **X**

**PAPER–I**

**Question Booklet No.**
(Identical with OMR Answer Sheet Number)

**Subject Code : 00**

# GENERAL

*Time : 1 Hour* *Maximum Marks: 100*

***Instructions for the Candidates***

1. Write your Roll Number in the space provided on the top of this page as well as on the OMR Sheet provided.
2. At the commencement of the examination, the question booklet will be given to you. In the first 5 (five) minutes, you are requested to open the booklet and verify it:
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page.
   (ii) Faulty booklet, if detected, should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.
   (iii) Verify whether the Question Booklet No. is identical with OMR Answer Sheet No.; if not, the full set is to be replaced.
   (iv) After this verification is over, the Question Booklet Series and Question Booklet Number should be entered on the OMR Sheet.
3. This paper consists of Fifty (50) multiple-choice type questions. All the questions are compulsory. Each question carries *two* marks.
4. Each Question has four alternative responses marked: (A) (B) (C) (D). You have to darken the circle as indicated below on the correct response against each question.
   *Example:* (A) (B) ● (D), where (C) is the correct response.
5. Your responses to the questions are to be indicated correctly in the OMR Sheet. If you mark your response at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Rough work is to be done at the end of this booklet.
7. If you write your Name, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except in the space allotted for the relevant entries, which may disclose your identity or use abusive language or employ any other unfair means, such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
8. Do not tamper or fold the OMR Sheet in any way. If you do so, your OMR Sheet will not be evaluated.
9. You have to return the Original OMR Sheet to the invigilator at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are, however, allowed to carry question booklet and duplicate copy of OMR Sheet after completion of examination.
10. **Use only Black Ball point pen.**
11. **Use of any calculator, mobile phone, electronic devices/gadgets etc. is strictly prohibited.**
12. **There is no negative marks for incorrect answer.**

***পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী***

১. এই পৃষ্ঠার উপরিভাগের নির্দিষ্ট স্থানে এবং OMR পত্রের নির্দিষ্ট স্থানে নিজের ক্রমিক সংখ্যা (Roll No.) লিখুন।
২. পরীক্ষার সূচনায় প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) আপনাকে দেওয়া হবে। প্রথম ৫ (পাঁচ) মিনিটেই প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) খুলে নিবিড় ভাবে যাচাই করে নেওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হচ্ছে ঃ
   (i) প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) উন্মুক্ত করতে প্রচ্ছদ পৃষ্ঠার (Cover Page) প্রান্তস্থ কাগজের সীলটি আপনাকে খুলতে হবে।
   (ii) যদি প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ত্রুটিযুক্ত এমন নির্ধারিত হয়, তাহলে পরীক্ষা শুরুর প্রথম পাঁচ মিনিটের মধ্যে পরীক্ষা পরিদর্শক সেটি সঠিক প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) দ্বারা প্রতিস্থাপিত করে দেবেন। এই সময়ের পর কোনও ভাবে প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) প্রতিস্থাপন করা যাবে না। কোনও অতিরিক্ত সময়ও দেওয়া হবে না।
   (iii) প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) এবং OMR পত্রের নম্বর অভিন্ন আছে কিনা যাচাই করে নেবেন। নম্বরে অমিল থাকলে সম্পূর্ণ সেট্‌টি প্রতিস্থাপিত করতে হবে।
   (iv) যাচাই সম্পূর্ণ হলে প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) সিরিজ এবং প্রশ্নপত্র পুস্তিকার (Booklet) নম্বর OMR পত্রে লিপিবদ্ধ করতে হবে।
৩. এই পত্রটিতে পঞ্চাশ (৫০)-টি বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন (Multiple-choice Type Questions) রয়েছে। প্রতিটি প্রশ্নের উত্তর করা আবশ্যিক। প্রতিটি প্রশ্নের মান *দুই*।
৪. প্রতিটি প্রশ্নের উত্তররূপে চারটি বৃত্ত (Circle) চিহ্নিত বিকল্প উত্তর রয়েছে ঃ (A) (B) (C) (D)। নিম্নলিখিত নির্দেশমত আপনাকে সঠিক উত্তরটির বৃত্ত ঘন কালো করতে হবে।
   *উদাহরণ ঃ* (A) (B) ● (D), যেখানে সঠিক উত্তর (C)।
৫. আপনার দেওয়া প্রশ্নের সঠিক উত্তরগুলি যেন OMR পত্রের নির্দিষ্ট স্থানেই দেওয়া হয়। OMR পত্রের নির্দিষ্ট বৃত্তের বাইরে উত্তর দিলে কোনও ভাবেই তা মূল্যায়িত হবে না।
৬. প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) শেষ অংশে রাফ কাজ (rough work) করবেন।
৭. OMR পত্রের নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট তথ্য প্রদান ব্যতীত আপনি যদি অতিরিক্ত কোনও ব্যক্তিগত তথ্য যথা— নাম, ফোন নম্বর লেখেন অথবা এমন কোনও ইঙ্গিত দেন যার দ্বারা আপনার ব্যক্তিগত পরিচয় চিহ্নিত হতে পারে অথবা কোনও অবমাননাকর ভাষার প্রয়োগ হয় অথবা অসৎ কোনও উপায় অবলম্বন করা হয় যথা— আঁচড় দিয়ে বা সাদা কালি দিয়ে উত্তর পরিবর্তনের প্রয়াস করা হয়, সেক্ষেত্রে আপনি আপনার উত্তরপত্র বাতিলের জন্য দায়ী থাকবেন।
৮. OMR পত্রটি কোনও ভাবে ক্ষতিগ্রস্ত করবেন না বা ভাঁজ করবেন না। সেক্ষেত্রে আপনার OMR পত্রটি মূল্যায়িত হবে না।
৯. পরীক্ষা সমাপ্ত হলে আবশ্যিক ভাবে প্রকৃত (Original) OMR পত্রটি পরীক্ষা পরিদর্শককে জমা দিতে হবে এবং কোনও ভাবে এটি পরীক্ষা কক্ষের বাইরে নিজের সঙ্গে বহন করা যাবে না। আপনি অবশ্য পরীক্ষা সমাপ্ত হওয়ার পর প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ও OMR পত্রের নকল (Duplicate) কপিটি নিজের সঙ্গে বহন করে নিয়ে যেতে পারবেন।
১০. **শুধুমাত্র কালো বল্ পয়েন্ট পেন ব্যবহার করবেন।**
১১. **কোনও প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, বৈদ্যুতিন উপকরণের (ডিভাইস/গ্যাজেটস ইত্যাদি) ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ।**
১২. **ভুল উত্তরের জন্য কোনও রকম নেতিবাচক (Negative) নম্বর দেওয়া হবে না।**

Prepp Your Personal Exams Guide



PAPER I

(GENERAL)

**1.** The term "Pedagogy" refers to

(A) methods of teaching

(B) skills required for teaching

(C) theory and practice of teaching

(D) effective classroom practice

**2.** Given below are different steps of teaching process:

(i) Relating the present knowledge with the previous knowledge

(ii) Evaluation

(iii) Reteaching

(iv) Formulating objectives

(v) Presentation of materials

Choose the right option from the codes given below giving the right sequence of the steps starting from the beginning to the last.

*Codes:*

(A) (i), (ii), (iii), (iv), (v)

(B) (ii), (i), (iii), (v), (iv)

(C) (iv), (i), (v), (ii), (iii)

(D) (v), (iv), (iii), (i), (ii)

**3.** If the first and seventh letters of the word 'BUREAUCRATIC' are interchanged, also the second and eighth, and so on, then which would be the fifth letter from the left?

(A) T

(B) I

(C) C

(D) A

**4.** The dynamic approach to teaching-learning process means that

(A) teaching should be open to change.

(B) teaching should be made relevant to students' needs.

(C) teaching should emphasize student participation through learning activities.

(D) teaching should take into account students' responses.

**1.** 'পেডাগোজি' বলতে আমরা বুঝি

(A) শিক্ষাদানের পদ্ধতি

(B) শিক্ষাদানের জন্য জরুরি দক্ষতা

(C) শিক্ষাদানের তত্ত্ব ও চর্চা

(D) শ্রেণিকক্ষের কার্যকর অনুশীলন

**2.** নীচে শিক্ষাদান প্রক্রিয়ার বিভিন্ন ধাপ দেওয়া আছে। এই ধাপগুলোকে সঠিক ক্রমে শুরু থেকে শেষ পর্যন্ত সাজাতে হবে ও নীচে দেওয়া বিকল্প থেকে শুদ্ধ উত্তর বেছে নিতে হবে:

(i) পূর্ববর্তী এবং সমসাময়িক জ্ঞানের সম্বন্ধ স্থাপন করা

(ii) মূল্যায়ন

(iii) পুনরায় শিক্ষাদান

(iv) উদ্দেশ্য সূত্রবদ্ধ করা

(v) উপাদান উপস্থাপনা করা

*সূত্র:*

(A) (i), (ii), (iii), (iv), (v)

(B) (ii), (i), (iii), (v), (iv)

(C) (iv), (i), (v), (ii), (iii)

(D) (v), (iv), (iii), (i), (ii)

**3.** যদি 'BUREAUCRATIC' শব্দের প্রথম ও সপ্তম অক্ষর অদলবদল করা হয়, আবার, দ্বিতীয় ও অষ্টম অক্ষর অদলবদল করা হয় এবং এইভাবে এগিয়ে যাওয়া যায় তাহলে নতুন শব্দের বাঁদিক থেকে পঞ্চম অক্ষরটি কী হবে?

(A) T

(B) I

(C) C

(D) A

**4.** পঠনপাঠন প্রক্রিয়ার 'গতিশীল পন্থা' বলতে আমরা বুঝি

(A) শিক্ষাদান যেন পরিবর্তনের জন্য উন্মুক্ত থাকে।

(B) শিক্ষাদানকে ছাত্রের প্রয়োজনের সাথে প্রাসঙ্গিক করে তোলা হয়।

(C) শিক্ষাদানে শৈক্ষিক ক্রিয়াকলাপের দ্বারা শিক্ষার্থীদের অংশগ্রহণের ওপর গুরুত্ব আরোপ করা উচিত।

(D) শিক্ষাদানে শিক্ষার্থীদের প্রতিক্রিয়া গ্রাহ্য করা উচিত।

www.prepp.in



**5.** Grading the final learning outcomes is known as

(A) Summative evaluation
(B) Formative evaluation
(C) Continuous evaluation
(D) Normative evaluation

**6.** Achievement tests are commonly used for the purpose of

(A) selecting candidates for a specific job.
(B) selecting candidates for a course.
(C) identifying strengths and weaknesses of learners.
(D) assessing the amount of learning after teaching.

**7.** *Gurukul* system of education in India flourished during

(A) Vedic and Upanishadic period
(B) Mauryan period
(C) Kushana period
(D) Gupta period

**8.** Which of the following is the most appropriate criterion for evaluating the effectiveness of teaching?

(A) Learning outcomes
(B) Course completion
(C) Scope of teaching-learning content
(D) Use of teaching aids

**9.** Which branch of philosophy examines issues pertaining to the nature of reality?

(A) Ontology
(B) Metaphysics
(C) Axiology
(D) Epistemology

**5.** শিক্ষার চূড়ান্ত ফলাফলের ক্রমকে বলা হয়

(A) সামেটিভ মূল্যায়ন (Summative evaluation)
(B) ফরম্যাটিভ মূল্যায়ন (Formative evaluation)
(C) নিরবচ্ছিন্ন মূল্যায়ন (Continuous evaluation)
(D) নরম্যাটিভ মূল্যায়ন (Normative evaluation)

**6.** কৃতিত্ব পরীক্ষা সাধারণত কী কারণে ব্যবহৃত হয়?

(A) নির্দিষ্ট কাজের জন্য প্রার্থী বাছাই করতে।
(B) কোনো পাঠ্যক্রমের জন্য প্রার্থী চয়ন করতে।
(C) শিক্ষার্থীদের সামর্থ্য এবং দুর্বলতা শনাক্ত করতে।
(D) শিক্ষার পর জ্ঞান অর্জনের পরিমাপ মূল্যায়ন করতে।

**7.** কোন সময়ে ভারতবর্ষে 'গুরুকুল' প্রথায় শিক্ষা প্রদানের উন্নয়ন হয়?

(A) বেদ-উপনিষদের কালে
(B) মৌর্য কালে
(C) কুষাণ কালে
(D) গুপ্ত কালে

**8.** নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি শিক্ষাদানের কার্যকারিতা মূল্যায়নের জন্য সবচেয়ে উপযুক্ত মানদণ্ড?

(A) শিক্ষার পরিণতি
(B) পাঠ্যক্রমের পরিসমাপ্তি
(C) পঠনপাঠনের সামগ্রীর পরিধি/ব্যাপ্তি
(D) শিক্ষাদানে সহায়িকার ব্যবহার

**9.** দর্শনশাস্ত্রের কোন শাখা বাস্তববাদের প্রকৃতির বিষয় নিয়ে অনুসন্ধান করে?

(A) অন্টোলজি (Ontology)
(B) মেটাফিজিক্স (Metaphysics)
(C) অ্যাক্সিওলজি (Axiology)
(D) এপিসটেমোলজি (Epistemology)

www.prepp.in



**10.** Which of the following types of research depends least on empirical facts?

(A) Ethnographic research
(B) Phenomenological research
(C) Philosophical research
(D) Experimental research

**11.** An observational study that employs continuous or repeated measures to follow/observe particular individuals/groups over prolonged period of time after years or decades is

(A) Cross-sectional study
(B) Census study
(C) Longitudinal study
(D) Descriptive study

**12.** The study of body language, gestures, postures, facial expressions and body movements is known as

(A) Proxemics
(B) Vocalics
(C) Haptics
(D) Kinesics

**13.** How many goals are there in the Sustainable Development Goals (SDGs)?

(A) 37
(B) 27
(C) 17
(D) 7

**14.** What are the Primary Goals of Sustainability?

(i) To end poverty and hunger.
(ii) Better standards of education and healthcare—particularly as it pertains to water quality and better sanitation.
(iii) To achieve gender equality.
(iv) Sustainable economic growth while promoting jobs and stronger economies.

*Codes*:

(A) (i), (ii) & (iii)
(B) (i), (iii) & (iv)
(C) (i) & (iii)
(D) (i), (ii), (iii) & (iv)

**10.** নিম্নলিখিতগুলির মধ্যে কোন ধরনের গবেষণা পদ্ধতি ভূয়োদর্শনলব্ধ (empirical) তথ্যের ওপর নির্ভরশীল নয়?

(A) নৃতাত্ত্বিক (Ethnographic) গবেষণা
(B) প্রপঞ্চবিজ্ঞান ভিত্তিক (Phenomenological) গবেষণা
(C) দর্শনশাস্ত্র ভিত্তিক (Philosophical) গবেষণা
(D) পরীক্ষামূলক (Experimental) গবেষণা

**11.** যে পর্যবেক্ষণ একটি শ্রেণি বা কতগুলি জীব বা উদ্ভিদের উপর বছরের পর বছর বা যুগের পর যুগ নিরবচ্ছিন্নভাবে বা বারবার করা হয় তা হল

(A) ক্রস-সেকসনাল স্টাডি (Cross-sectional study)
(B) সেনসাস স্টাডি (Census study)
(C) লঙ্গিটিউডিনাল স্টাডি (Longitudinal study)
(D) ডেসক্রিপটিভ স্টাডি (Descriptive study)

**12.** শারীরিক ভাষা (body language), অঙ্গভঙ্গি (gestures), ভাবভঙ্গি (postures), মুখভঙ্গি (facial expressions) এবং দৈহিক সঞ্চালন (body movements)— এই অধ্যয়নকে বলা হয়

(A) প্রক্সেমিক্স (Proxemics)
(B) ভোকালিক্স (Vocalics)
(C) হ্যাপটিক্স (Haptics)
(D) কাইনেসিক্স (Kinesics)

**13.** সাসটেইনেবল্ ডেভেলপমেন্ট গোলস্ (SDGs)-এ মোট কয়টি লক্ষ্য আছে?

(A) 37
(B) 27
(C) 17
(D) 7

**14.** সাসটেইনেবিলিটি (Sustainability)-র প্রাথমিক লক্ষ্যগুলি হল

(i) দারিদ্র (Poverty) ও ক্ষুধা (Hunger) দূর করা।
(ii) অধিকতর উন্নত শিক্ষা ব্যবস্থা এবং স্বাস্থ্য ব্যবস্থা—বিশেষত জলের মান ও উন্নত স্বাস্থ্যকর ব্যবস্থা (better sanitation)।
(iii) লিঙ্গ সমতা (gender equality) অর্জন করা।
(iv) সাসটেইনেবল্ (Sustainable) অর্থনৈতিক অগ্রগতি হল কর্মে উন্নতি ও বলিষ্ঠ অর্থনীতি।

নীচের সম্ভাবনার মধ্যে সঠিক হল:

(A) (i), (ii) ও (iii)
(B) (i), (iii) ও (iv)
(C) (i) ও (iii)
(D) (i), (ii), (iii) ও (iv)

www.prepp.in



**15.** Which of the following is the cause of extinction of plants and animals in water?

(A) Nitrogen depletion
(B) Chlorine depletion
(C) Oxygen depletion
(D) Ozone depletion

**16.** What is the instrument known as for measuring earthquake?

(A) Quake meter
(B) Quake graph
(C) Seismograph
(D) Typanic graph

**17.** Noise pollution is created if the noise is in excess of

(A) 80 – 100 dB
(B) 50 – 60 dB
(C) 70 – 75 dB
(D) 40 – 65 dB

**18.** The name of the virtual assistant promoted by Apple Inc., which can create reminders, take notes, set alarms among many other tasks is

(A) Alexa
(B) SIRI
(C) Echo
(D) Google Home

**19.** The full form of 'NKN' which is responsible to provide unified high speed network backbone for educational institutions in India is

(A) New Knowledge Network
(B) National Knowledge Network
(C) National Kilo-byte (KB) Network
(D) Nation-wide Knowledge Network

**15.** জলজ উদ্ভিদ এবং প্রাণীর বিলুপ্তির কারণ কী?

(A) নাইট্রোজেনের মাত্রার হ্রাস
(B) ক্লোরিনের মাত্রার হ্রাস
(C) অক্সিজেনের মাত্রার হ্রাস
(D) ওজোনের মাত্রার হ্রাস

**16.** ভূমিকম্প মাপার যন্ত্রের নাম কী?

(A) কোয়েক মিটার
(B) কোয়েক গ্রাফ
(C) সিসমোগ্রাফ
(D) টাইপেনিক গ্রাফ

**17.** শব্দ এই মাত্রার অধিক হলে তাকে শব্দদূষণ বলা হয়—

(A) 80 – 100 ডেসিবেল
(B) 50 – 60 ডেসিবেল
(C) 70 – 75 ডেসিবেল
(D) 40 – 65 ডেসিবেল

**18.** Apple Inc.-এর যে virtual assistant-এর সাহায্যে reminders, take notes, set alarms ও অন্যান্য কাজ পাওয়া যায় তার নাম

(A) Alexa
(B) SIRI
(C) Echo
(D) Google Home

**19.** 'NKN' যা ভারতীয় শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে unified high speed network backbone দেয় তার পূর্ণরূপ হল

(A) New Knowledge Network
(B) National Knowledge Network
(C) National Kilo-byte (KB) Network
(D) Nation-wide Knowledge Network

www.prepp.in



**20.** The regulation for protecting private and organizational data recently being used across the globe is known as

(A) Global Data Protection Regulation
(B) Intellectual Property Regulation
(C) General Data Protection Regulation
(D) International Patent Law and Regulation

**20.** যে বিধি বা আইন দ্বারা সমসাময়িককালে পৃথিবীর বিভিন্ন জায়গায় ব্যক্তিগত এবং প্রাতিষ্ঠানিক তথ্য সুরক্ষা করা হয় তার নাম

(A) গ্লোবাল ডাটা প্রোটেকশান রেগুলেশান
(B) ইনটেলেকচুয়াল প্রপারটি রেগুলেশান
(C) জেনারেল ডাটা প্রোটেকশান রেগুলেশান
(D) ইন্টারন্যাশনাল পেটেন্ট ল অ্যান্ড রেগুলেশান

**21.** On completion of one year of NEP 2020 in July 2021, the Government of India has announced the decision to offer Engineering degree education in five Indian languages. Identify the language in which Engineering education will be taught.

(A) Assamese
(B) Odia
(C) Maithili
(D) Bengali

**21.** জুলাই 2021 সালে NEP 2020 এক বছর পূর্ণ হতে ভারত সরকারের সিদ্ধান্ত ঘোষণা করা হয়েছে যে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি শিক্ষা পাঁচটি ভারতীয় ভাষায় দেওয়া হবে। যে ভাষাটিতে ইঞ্জিনিয়ারিং শিক্ষায় শিক্ষিত করা হবে, সেই ভাষাটিকে চিহ্নিত করুন।

(A) অসমীয়া
(B) ওড়িয়া
(C) মৈথিলী
(D) বাংলা

**22.** Which application protocol is used for distributed, collaborative and hypermedia data communication in World Wide Web?

(A) FTP
(B) DNS
(C) HTTP
(D) rlogin

**22.** যে protocol ব্যবহার করে distributed, collaborative এবং hyper media data communication করা হয় World Wide Web-এ তা হল

(A) FTP
(B) DNS
(C) HTTP
(D) rlogin

**23.** Which technology allows sharing of Internet access of one mobile node among other nodes using wireless medium?

(A) Bluetooth
(B) Zigbee
(C) Broadband
(D) Hotspot

**23.** ইন্টারনেট পরিষেবা মোবাইলের একটি নোড হতে অন্য নোডগুলিতে বেতার মাধ্যমে ব্যবহারের প্রযুক্তির নাম

(A) ব্লুটুথ (Bluetooth)
(B) জিগবি (Zigbee)
(C) ব্রডব্যান্ড (Broadband)
(D) হটস্পট (Hotspot)

**24.** How many levels are there in *Panchayati Raj* system in India which was constitutionally formalized in the year 1992?

(A) Two
(B) Three
(C) Four
(D) Five

**24.** 1992 সালে সাংবিধানিকভাবে ভারতে স্বীকৃতিপ্রাপ্ত *পঞ্চায়েতি রাজ* প্রথায় কয়টি ধাপ আছে?

(A) দুই
(B) তিন
(C) চার
(D) পাঁচ

**[ Please Turn Over ]**

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide



**25.** Given below are four statements:

1. In 1854 for the first time three universities were set up in India.
2. The progress of education was slow in pre-independent India.
3. Macaulay's Minutes did have a crippling effect on a proper development of education in India.
4. National College was set up in 1906 for imparting knowledge of India's art, literature and philosophy under the Principalship of Motilal Ghosh.

Select the correct option from the codes given below:

*Codes*:

(A) 1, 2 and 3 are correct

(B) 2, 3 and 4 are correct

(C) 2 and 3 are correct

(D) 1 and 4 are correct

**26.** Match the items of *List-I* with the items of *List-II* and indicate your answer by selecting the correct code.

| *List-I* (River Dam Project) | *List-II* (Location) |
|---|---|
| (a) Shivasamudra Project | (i) On Krishna in AP |
| (b) Hirakud Project | (ii) On Beas in HP |
| (c) Mandi Project | (iii) On Mahanadi in Odisha |
| (d) Nagarjuna Project | (iv) On Cauvery in Karnataka |

*Codes*:

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (iv) | (iii) | (ii) | (i) |
| (C) | (ii) | (iii) | (i) | (iv) |
| (D) | (iv) | (ii) | (iii) | (i) |

**27.** Which of the following abbreviations used in footnotes and endnotes means 'in the same place'?

(A) *et.al.*

(B) *loc.cit.*

(C) *ibid.*

(D) *op.cit.*

**25.** নিম্নে চারটি বক্তব্য দেওয়া হল:

1. 1854 সনে ভারতে প্রথম তিনটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়।
2. প্রাক্ স্বাধীনতা যুগে ভারতে শিক্ষার প্রসার ছিল মন্থর।
3. Macaulay-র কার্যবিবরণী ভারতে যথাযথ শিক্ষার উন্নতির অন্তরায় ছিল।
4. 1906 সালে জাতীয় কলেজ স্থাপিত হয়েছিল মতিলাল ঘোষের অধ্যক্ষপনায় যেখানে ভারতীয় কলা, সাহিত্য ও দর্শন-এর শিক্ষা দেওয়া হত।

নীচের বক্তব্যগুলির মধ্যে সঠিক হল:

(A) 1, 2 এবং 3 সঠিক

(B) 2, 3 এবং 4 সঠিক

(C) 2 এবং 3 সঠিক

(D) 1 এবং 4 সঠিক

**26.** *'তালিকা-I'* এবং *'তালিকা-II'*-এর সূত্র মিলিয়ে নীচে দেওয়া ক্রম থেকে সঠিক উত্তর বেছে নিতে হবে।

| *তালিকা-I* (নদী বাঁধ প্রকল্প) | *তালিকা-II* (স্থান) |
|---|---|
| (a) শিবসমুদ্র প্রকল্প | (i) কৃষ্ণা নদী-অন্ধ্রপ্রদেশ |
| (b) হিরাকুদ প্রকল্প | (ii) বিয়াস নদী-হিমাচল প্রদেশ |
| (c) মান্ডি প্রকল্প | (iii) মহানদী-ওড়িশা |
| (d) নাগার্জুন প্রকল্প | (iv) কাবেরী-কর্ণাটক |

*সূত্র:*

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (iv) | (iii) | (ii) | (i) |
| (C) | (ii) | (iii) | (i) | (iv) |
| (D) | (iv) | (ii) | (iii) | (i) |

**27.** পাদটীকা বা ফুটনোটে ব্যবহার হওয়া কোন সংক্ষেপণাটির অর্থ 'একই স্থানে'?

(A) এট. অল. (*et.al.*)

(B) লক. সিট. (*loc.cit.*)

(C) ইবিড. (*ibid.*)

(D) অপ. সিট. (*op.cit.*)

**28.** The term "research methodology" refers to

(A) the methods used in data collection and analysis.

(B) the rules for writing a research report or paper.

(C) the specific methods of study and analysis.

(D) the theoretical paradigms for data collection, analysis and interpretation.

**29.** Sultan, Ahmed and Kashim start a business each investing Rs. 20,000.00. After 5 months Sultan withdraws Rs. 5,000.00, Ahmed withdraws Rs. 4,000.00 and Kashim invests Rs. 6,000.00 more. At the end of the year, a total profit of Rs. 69,900.00 was recorded. Find the share of each.

(A) Rs. 20,500.00, Rs. 21,200.00, Rs. 28,200.00

(B) Rs. 21,200.00, Rs. 25,000.00, Rs. 23,700.00

(C) Rs. 20,500.00, Rs. 20,400.00, Rs. 29,000.00

(D) Rs. 21,600.00, Rs. 26,200.00, Rs. 22,100.00

**30.** Four students W, X, Y, Z appeared in four papers I, II, III and IV in a test. Their scores out of 100 are given below:

| *Students* | *Papers* | | | |
|---|---|---|---|---|
| | (I) | (II) | (III) | (IV) |
| W | 60 | 81 | 45 | 55 |
| X | 59 | 43 | 51 | 55 |
| Y | 74 | 60 | 71 | 65 |
| Z | 72 | 76 | 58 | 68 |

Which candidate has secured between 60-65 marks in average?

(A) X

(B) Y

(C) W

(D) Z

**31.** A given mixture contains milk and water in the ratio 4 : 3. If 5 litres of water is added to the mixture, the ratio becomes 4 : 5. Find the quantity of milk in the given mixture.

(A) 8 litres

(B) 9 litres

(C) 10 litres

(D) 11 litres

**28.** 'গবেষণা পদ্ধতি' বলতে আমরা বুঝি

(A) তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের পদ্ধতি।

(B) গবেষণাপত্র বা গবেষণা প্রতিবেদন লেখার নিয়মাবলী।

(C) গবেষণা এবং বিশ্লেষণের নির্দিষ্ট পদ্ধতি।

(D) তথ্য সংগ্রহ, বিশ্লেষণ এবং ব্যাখ্যার তাত্ত্বিক দৃষ্টান্ত।

**29.** সুলতান, আহমেদ এবং কাশিম প্রত্যেকে 20,000 টাকা দিয়ে একটা ব্যবসা শুরু করল। 5 মাস পরে সুলতান 5,000 টাকা এবং আহমেদ 4,000 টাকা তুলে নিল। কাশিম 6,000 টাকা ব্যবসায় নিয়োগ করল। বছর শেষে তারা 69,900 টাকা লাভ করল। তিন জনের লভ্যাংশের পরিমাণ হল

(A) 20,500.00 টাকা, 21,200.00 টাকা, 28,200.00 টাকা

(B) 21,200.00 টাকা, 25,000.00 টাকা, 23,700.00 টাকা

(C) 20,500.00 টাকা, 20,400.00 টাকা, 29,000.00 টাকা

(D) 21,600.00 টাকা, 26,200.00 টাকা, 22,100.00 টাকা

**30.** একটি পরীক্ষায় 4টি প্রশ্নপত্রের I, II, III, IV জন্য 4 জন ছাত্র W, X, Y এবং Z-এর নম্বর 100-এর মধ্যে নিম্নে দেওয়া হল:

| *ছাত্র* | *প্রশ্নপত্র* | | | |
|---|---|---|---|---|
| | (I) | (II) | (III) | (IV) |
| W | 60 | 81 | 45 | 55 |
| X | 59 | 43 | 51 | 55 |
| Y | 74 | 60 | 71 | 65 |
| Z | 72 | 76 | 58 | 68 |

উপরের চার ছাত্রের মধ্যে কার গড় নম্বর 60-65-এর মধ্যে আছে?

(A) X

(B) Y

(C) W

(D) Z

**31.** একটি মিশ্রণে দুধ ও জলের অনুপাত 4 : 3। যদি ওই মিশ্রণে আরও 5 লিটার জল যোগ করা হয়, তবে অনুপাত 4 : 5 হয়। মিশ্রণে দুধের পরিমাণ

(A) 8 লিটার

(B) 9 লিটার

(C) 10 লিটার

(D) 11 লিটার

www.prepp.in
Prepp Your Personal Exams Guide



**32.** A sampling frame is

(A) a summary of the various stages involved in designing a survey.

(B) an outline view of all the main clusters of units in a sample.

(C) a list of all units in the population from which a sample will be selected.

(D) a wooden frame used to display tables of random numbers.

**33.** The standard error is a statistical measure of

(A) the normal distribution of scores around the sample mean.

(B) the extent to which a sample mean is likely to differ from the population mean.

(C) the clustering of scores at each end of a survey scale.

(D) the degree to which a sample has been accurately stratified.

**Directions: Study the following table and answer Question Nos. 34 to 37.**

Expenditures of a company (in lakhs of rupees) per annum over the given years:

| Year \ Items of Expenditure | Salary | Fuel and Transport | Bonus | Interest on Loans | Taxes |
|---|---|---|---|---|---|
| 2014 | 288 | 98 | 3·00 | 23·4 | 83 |
| 2015 | 342 | 112 | 2·52 | 32·5 | 108 |
| 2016 | 324 | 101 | 3·84 | 41·6 | 74 |
| 2017 | 336 | 133 | 3·68 | 36·4 | 88 |
| 2018 | 420 | 142 | 3·96 | 49·4 | 98 |

**34.** What is the average amount of interest per year which the company has to pay during the period?

(A) Rs. 32.43 lakh

(B) Rs. 33.72 lakh

(C) Rs. 34.18 lakh

(D) Rs. 36.66 lakh

**32.** একটি 'sampling frame' হল

(A) একটি survey পরিকল্পনা করার জন্য বিভিন্ন পদক্ষেপের সারসংক্ষেপ।

(B) Sample-এর মধ্যে সমস্ত মুখ্য clusters of units-এর রূপরেখা।

(C) Population-এর সমস্ত units-এর তালিকা যেখান থেকে একটি sample নির্বাচন করা হয়।

(D) একটি Wooden frame যার সাহায্যে random numbers প্রকাশ করা হয়।

**33.** Standard error হল একটি statistical পরিমাপ যা

(A) Sample mean-এর সন্নিকটে normal distribution of scores।

(B) Population গড় ও Sample গড়-এর মধ্যে পার্থক্যের পরিমাণ।

(C) Survey স্কেলের প্রতি প্রান্তে Clustering of scores।

(D) একটি sample যতদূর অবধি নির্ভুলভাবে stratified হয়।

**নির্দেশিকা: প্রশ্ন নং 34 থেকে 37-এর জন্য নিম্নের টেবিল ব্যবহার করুন।**

একটি কোম্পানির বাৎসরিক খরচের হিসাব (লক্ষ টাকায়) নীচের বছরগুলিতে দেওয়া হল:

| বছর \ খরচের প্রকারভেদ | মাহিনা | জ্বালানি এবং যাতায়াত | বোনাস | ধারের উপর সুদ | কর |
|---|---|---|---|---|---|
| 2014 | 288 | 98 | 3·00 | 23·4 | 83 |
| 2015 | 342 | 112 | 2·52 | 32·5 | 108 |
| 2016 | 324 | 101 | 3·84 | 41·6 | 74 |
| 2017 | 336 | 133 | 3·68 | 36·4 | 88 |
| 2018 | 420 | 142 | 3·96 | 49·4 | 98 |

**34.** কোম্পানি প্রদত্ত বাৎসরিক গড় সুদের পরিমাণ হল

(A) 32.43 লক্ষ টাকা

(B) 33.72 লক্ষ টাকা

(C) 34.18 লক্ষ টাকা

(D) 36.66 লক্ষ টাকা

www.prepp.in



**35.** The total amount of bonus paid by the company during the period is approximately what per cent of the total amount of salary paid during the period?

(A) 0·1%
(B) 0·5%
(C) 1·0%
(D) 1·25%

**36.** The total expenditure on all the items in 2014 was approximately what per cent of the total expenditure in 2018?


(A) 62%
(B) 66%
(C) 69%
(D) 71%

**37.** The ratio between the total expenditure on taxes for all the years and the total expenditure on fuel and transport for all the years respectively is approximately

(A) 4 : 7
(B) 10 : 13
(C) 15 : 18
(D) 5 : 8

**Directions: Question Nos. 38 – 40**

In the following diagram 'rectangle' represents 'men', 'triangle' represents 'educated', 'circle' represents 'urban' and 'square' represents 'government employees'.




**38.** Which one of the following represents the educated men but not urban?

(A) 9
(B) 5
(C) 4
(D) 11

**35.** উক্ত বছরগুলিতে কোম্পানি প্রদত্ত মোট বোনাস মোট মাহিনার আসন্ন শতকরা পরিমাণ হল

(A) 0.1%
(B) 0.5%
(C) 1.0%
(D) 1.25%

**36.** 2014 সালে কোম্পানির মোট খরচ, 2018 সালে মোট খরচের আসন্ন শতকরা পরিমাণ হল


(A) 62%
(B) 66%
(C) 69%
(D) 71%

**37.** কোম্পানি কর্তৃক বছরগুলিতে কর বাবদ মোট খরচ এবং জ্বালানি ও যাতায়াত বাবদ মোট খরচের আসন্ন অনুপাত হল

(A) 4 : 7
(B) 10 : 13
(C) 15 : 18
(D) 5 : 8

**নির্দেশিকা: প্রশ্ন নং 38 থেকে 40-এর জন্য**

নীচের ছবিতে 'আয়তক্ষেত্র' দ্বারা 'পুরুষ', 'ত্রিভুজ' দ্বারা 'শিক্ষিত', 'বৃত্ত' দ্বারা 'শহুরে' এবং 'বর্গক্ষেত্র' দ্বারা 'সরকারি কর্মচারী' বোঝানো হয়েছে।




**38.** নীচের কোন সংখ্যাটি নির্দেশ করে শিক্ষিত মানুষ কিন্তু শহুরে নয় ?

(A) 9
(B) 5
(C) 4
(D) 11

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide



**39.** Which one of the following represents urban men government employees?

(A) 12
(B) 6
(C) 13
(D) 4

**40.** What is represented by the number '4'?

(A) Educated government employees
(B) Urban educated men
(C) Urban men
(D) Urban educated men government employees

**41.** Choose the missing word in place of (?) on the basis of the relationship.

? : ALKLO : : WOULD : TLRIA

(A) DONOR
(B) CONES
(C) BARGE
(D) BLOCK

**42.** What is the next term in the following series?

4, 20, 35, 49, 62, 74, ?

(A) 79
(B) 81
(C) 85
(D) 91

**43.** What is the next term in the following series?

$2, 1, \frac{1}{2}, \frac{1}{4}, \frac{1}{8}, ?$

(A) $\frac{1}{3}$
(B) $\frac{3}{48}$
(C) $\frac{2}{24}$
(D) $\frac{1}{4}$

**39.** নীচের কোন সংখ্যাটি শহুরে পুরুষ সরকারি কর্মচারীকে নির্দেশ করে?

(A) 12
(B) 6
(C) 13
(D) 4

**40.** নীচের কোন শ্রেণি 4 সংখ্যা দ্বারা চিহ্নিত হয়?

(A) শিক্ষিত সরকারি কর্মচারী
(B) শহুরে শিক্ষিত পুরুষ
(C) শহুরে পুরুষ
(D) শহুরে শিক্ষিত পুরুষ সরকারি কর্মচারী

**41.** সম্পর্ক বুঝে প্রশ্নবোধক (?) স্থানে কোন শব্দ বসাবেন খুঁজে নিন।

(?) : ALKLO : : WOULD : TLRIA

(A) DONOR
(B) CONES
(C) BARGE
(D) BLOCK

**42.** এই ক্রমে পরবর্তী সংখ্যাটি কী?

4, 20, 35, 49, 62, 74,?

(A) 79
(B) 81
(C) 85
(D) 91

**43.** নীচে দেওয়া ক্রমে পরবর্তী সংখ্যাটি কী?

$2, 1, \frac{1}{2}, \frac{1}{4}, \frac{1}{8}, ?$

(A) $\frac{1}{3}$
(B) $\frac{3}{48}$
(C) $\frac{2}{24}$
(D) $\frac{1}{4}$

www.prepp.in



**44.** Identify the IP address from the following:

(A) 800–315–600–3

(B) 202.50.20.148

(C) 202.50@20.148

(D) 202–50@20–148

**45.** Virtual memory means

(A) an extremely large main memory.

(B) an extremely large secondary memory.

(C) an illusion of extremely large main memory.

(D) a type of memory used in super computers.

**Read the following passage and answer Question Nos. 46 to 50:**

Sport is expected to operate at a higher moral plane where the effort is honest and transparency remains an abiding principle. It is a utopian ideal leaning on pure performance, copious sweat and relentless training. But in a practical world greased with greed, besides match-fixing, there is another terrible offence: ingestion of performance-enhancing drugs. Athletes like Canada's Ben Johnson were labeled as drug-cheats and rightly denied their Olympic medals. The World Anti-Doping Agency (WADA), since its inception in 1999, has imposed stringent measures so that sport stays drug-free. In India, WADA's rules have been enforced by the Government-run National Anti-Doping Agency (NADA) and almost all sports federations had fallen in line except one behemoth — the Board of Control for Cricket in India (BCCI). But that aberration was erased as the BCCI accepted NADA's supervision following a meeting between its CEO Rahul Johri, General Manager Saba Karim and Sports Ministry officials led by Sports Secretary Radhey Shyam Julaniya. Indian cricket's governing body finally agreed to subject its players to NADA's testing routines. Before its turn-around, the BCCI had resisted NADA's intervention. The main objection pertained to the "whereabouts" clause, which made it mandatory for a player to reveal where he would be on a daily basis. The need for privacy was offered as an excuse.

Earlier, the BCCI had its in-house dope-tests but it only lent credence to the allegations about conflict of interest. The issue came to a boil when Prithvi

**44.** নিম্নলিখিতগুলির মধ্যে IP ঠিকানা কোনটি?

(A) 800–315–600–3

(B) 202.50.20.148

(C) 202.50@20.148

(D) 202–50@20–148

**45.** অপার্থিব স্মৃতি বা ভারচুয়াল মেমোরির অর্থ

(A) একটি অত্যন্ত বিশাল প্রধান স্মৃতি।

(B) একটি অত্যন্ত বিশাল অপ্রধান স্মৃতি।

(C) একটি অত্যন্ত বিশাল প্রধান স্মৃতির ভ্রম।

(D) এক ধরনের স্মৃতি যা সুপার কমপিউটারে ব্যবহৃত হয়।

**নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে 46 থেকে 50 নম্বর পর্যন্ত প্রশ্নগুলির উত্তর দিন:**

খেলাধুলা এমনই এক উচ্চস্তরে অবস্থান করে, যেখানে সততা ও স্বচ্ছতা হল একটি মূলনীতি। এটি একটি চিরকালীন ইউটোপিয়ান আদর্শ, যেখানে দক্ষতা, স্বেদ-নিঃসৃত পরিশ্রম এবং নিরন্তর শিক্ষা গুরুত্বপূর্ণ। কিন্তু বাস্তব জগতে লোভের দ্বারা চালিত হয়ে (গ্রিসড উইথ গ্রিড) ম্যাচ-ফিক্সিং ছাড়াও আর একটি মারাত্মক অপরাধের জন্ম হচ্ছে : কর্মদক্ষতাবর্ধক ড্রাগের ব্যবহার। কানাডার বেন জনসনের মতো দৌড়বিদকেও ড্রাগ সেবনের জন্য অপরাধীরূপে চিহ্নিত করা হয়েছিল এবং যথাযথভাবে তাঁকে অলিম্পিক মেডেল থেকে বঞ্চিত করা হয়েছিল। ওয়ার্ল্ড অ্যান্টি ডোপিং এজেন্সি (WADA), এর প্রতিষ্ঠাকাল 1999 থেকে খেলাধুলাকে ড্রাগমুক্ত রাখার জন্য প্রয়াস করে চলেছে। ভারতে WADA-র নিয়মনীতি প্রয়োগ করা হয় সরকার-পরিচালিত সংস্থা ন্যাশনাল অ্যান্টি ডোপিং এজেন্সি (NADA)-র মাধ্যমে এবং প্রায় সমস্ত ক্রীড়া সংগঠনই এর অন্তর্ভুক্ত। ব্যতিক্রম একটি বৃহদায়তন সংস্থা (বেহেমথ)—দ্য বোর্ড অফ কন্ট্রোল ফর ক্রিকেট (BCCI), কিন্তু এই ব্যবধান মুছে যায় যখন BCCI NADA-র তত্ত্বাবধান মেনে নেয় একটি আলোচনা সভার মাধ্যমে, যেখানে ছিলেন BCCI-এর CEO রাহুল জহরি, জেনারেল ম্যানেজার সাবা করিম এবং ক্রীড়ামন্ত্রকের আধিকারিকগণ, যার নেতৃত্বে ছিলেন ক্রীড়াসচিব রাধেশ্যাম জুলানিয়া। ভারতীয় ক্রিকেটের গভর্নিং বডি শেষ পর্যন্ত NADA-র পরীক্ষার নিয়মাবলী মেনে নিতে সম্মত হয়। এর আগে BCCI, NADA-র নজরদারি মানতে অস্বীকৃত হয়েছিল। মূল আপত্তির জায়গা ছিল 'অবস্থানগত হদিশ' দেওয়া; অর্থাৎ একজন খেলোয়াড়ের দৈনিক অবস্থানগত তথ্য দেওয়া ব্যধ্যতামূলক ছিল। ব্যক্তিগত গোপনীয়তা ব্যাহত হবে, এটি আপত্তির কারণ ছিল।

এর পূর্বে BCCI স্বার্থের সংঘাত-জনিত অভিযোগ নস্যাৎ করার জন্য এবং নিজেদের বিশ্বাসযোগ্যতা প্রমাণ করার জন্য নিজস্ব পদ্ধতিতে ডোপ পরীক্ষা করত। এই বিষয়টি উদ্বেগজনক হয় যখন

[ Please Turn Over ]

www.prepp.in



Shaw was given a back-dated eight-month suspension after he tested positive for a banned drug, Terbutaline. The 19-year-old batsman, who was checked in February, claimed that the substance was present in an over-the-counter cough syrup. Shaw's excuse and the BCCI's quick acceptance of his self-medication, bred scepticism. It is either naivety or a classic cover-up from an Indian cricketer, who had been advised about the chemicals that have to be avoided even for therapeutic purposes. The silver-lining is that the episode hastened the BCCI's move into the NADA's ambit and also cleared the decks for the Indian women's cricket team to compete in the 2022 Commonwealth Games at Birmingham. With the BCCI belatedly allowing NADA to monitor its domestic cricketers, by extension the International Cricket Council too has finally come under the WADA's unerring gaze. In these hyper-kinetic times, it is a fallacy to stress that cricket is just a reflection of skill and that drug-enhanced muscular efficiency cannot influence match results. Sport has to be a level-playing field and it is finally one with the willow-game subjecting itself to universal drug-testing rules.

**46.** Which of the following options is closest in meaning to the word 'behemoth' as used in the passage?

(A) A large and cumbersome body

(B) A government agency

(C) A powerful organization

(D) A regulatory body for sports

**47.** Which of the following statements is *not* implied in the passage?

(A) Sports persons need to be disciplined.

(B) Sports persons may try all means to win.

(C) Sports persons do not follow rules.

(D) Sports persons should be honest and obey rules.

**48.** According to the author, The Board of Control for Cricket in India

(A) was unwilling to test its players for drugs.

(B) was reluctant to accept any of the conditions of NADA.

(C) was forced by the Sports Ministry to accept NADA's conditions.

(D) was being over-protective of its players.

পৃথ্বী শ পূর্বের কয়েক মাসসহ আট মাসের জন্য ক্রিকেট থেকে নির্বাসিত হন। কারণ, একটি নিষিদ্ধ ওষুধের সেবন, টারবুট্যালাইন। উনিশ বছরের এই ব্যাটসম্যান, যাকে ফেব্রুয়ারি মাসে পরীক্ষা করা হয়েছিল, দাবি করেন যে, কাফ সিরাপের মধ্যে ওই উপাদানটি ছিল। শ-এর আত্মপক্ষ সমর্থন এবং তাঁর স্বচিকিৎসার তত্ত্বকে BCCI যেভাবে দ্রুত গ্রহণ করেছিল তা বহু সংশয়ের জন্ম দিয়েছিল। এটি হয়তো-বা অজ্ঞানতা ছিল, বা অপরাধ ঢাকার প্রচেষ্টা ছিল। ইনি এমন একজন ভারতীয় ক্রিকেটার, যিনি সর্বতোভাবে জানতেন চিকিৎসাতেও এই রাসায়নিক বস্তুটি ব্যবহার করা যায় না। এই পর্বের রুপোলি দ্যুতি ছিল এই যে, BCCI এরপর NADA-র এক্তিয়ারের অন্তর্গত হয়ে যায় এবং ভারতীয় মহিলা ক্রিকেট দলের স্বচ্ছতা রক্ষাতেও জোর দেয়, যারা বার্মিংহাম কমনওয়েলথ গেমস্-এ 2022-এ অংশগ্রহণ করবে। NADA-র অধীনে নিজেদের ঘরোয়া ক্রিকেটারদের নজরদারিতে BCCI বিলম্বিত পদক্ষেপ নিলেও তাদের দেখে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলও WADA-র গুরুত্ব স্বীকার করে নিল। এখনকার অতিরিক্ত গতিশীল সময়ে এই ভ্রান্তি থাকা কখনোই উচিত নয় যে, ক্রিকেট শুধুমাত্র দক্ষতার পরিচায়ক এবং পেশির দক্ষতাবর্ধক ড্রাগ খেলার ফলাফল নিয়ন্ত্রণ করে না। খেলাধুলার জগতে স্বচ্ছতা ও ভারসাম্য রক্ষা করা উচিত এবং সেখানে উইলো গেমের মতো খেলাকে বিশ্বজনীন ড্রাগ টেস্টের অধীন করা উচিত।

**46.** নীচের কোন বিকল্পটি অনুচ্ছেদে উল্লেখিত 'বেহেমথ'-এর সঙ্গে অর্থগত ভাবে প্রায় সদৃশ?

(A) একটি বৃহৎ এবং বিঘ্নকারী সংস্থা

(B) একটি সরকারি সংস্থা

(C) একটি বৃহদায়তন সংস্থা

(D) একটি ক্রীড়া-নিয়ামক সংস্থা

**47.** নিম্নলিখিত কোন ধারণাটি অনুচ্ছেদে দেওয়া হয়নি?

(A) ক্রীড়াবিদরা সুশৃঙ্খল হবেন।

(B) ক্রীড়াবিদরা জেতার জন্য সব উপায় গ্রহণ করবেন।

(C) ক্রীড়াবিদরা কোনো নিয়ম মানেন না।

(D) ক্রীড়াবিদরা সৎ হবেন এবং সমস্ত নিয়ম মানবেন।

**48.** লেখকের মতানুসারে The Board of Control for Cricket in India

(A) খেলোয়াড়দের ড্রাগ টেস্টে অনিচ্ছুক ছিল।

(B) NADA-র কোনো শর্ত পালনেই অনিচ্ছুক ছিল।

(C) ক্রীড়ামন্ত্রকের দ্বারা NADA-র শর্ত পালনে বাধ্য হয়েছিল।

(D) নিজেদের খেলোয়াড়দের সম্পর্কে অতিমাত্রায় রক্ষণাত্মক ছিল।

www.prepp.in



**49.** Which of the following best reflects the author's view of human conduct?

(A) Which is ideal regarding human conduct may not always be practical.

(B) People are usually honest and idealistic.

(C) People are irresponsible and need to be disciplined.

(D) Human behaviour is unpredictable.

**50.** Which of the following phrases used in the passage is *not* a metaphor?

(A) Silver-lining

(B) Match-fixing

(C) Willow-game

(D) Greased with greed

**49.** মানুষের আচরণ সম্পর্কে লেখকের ধারণাকে সমর্থন করে নিম্নলিখিত কোন বিষয়টি?

(A) যা আদর্শ, তা মানুষের আচরণে সর্বদা প্রযুক্ত হবে, এমন নাও হতে পারে।

(B) মানুষ সাধারণত সৎ এবং আদর্শবাদী।

(C) মানুষ দায়িত্বজ্ঞানহীন এবং তাকে শৃঙ্খলাপরায়ণ করা উচিত।

(D) মানুষের আচরণ অননুমেয়।

**50.** নিম্নলিখিত কোন শব্দটি ব্যঞ্জনার্থক নয়?

(A) রুপোলি দ্যুতি

(B) ম্যাচ-ফিক্সিং

(C) উইলো-গেম

(D) গ্রিসড উইথ গ্রিড

Prepp Your Personal Exam Guide

www.prepp.in



**Space for Rough Work**

Your Personal Exam Guide